


Vol. 10 | No. 2 | 1966

Check for updates

# সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

## দর্শন ও মনোবিদ্যা পরিভাষাকোষ [মুসলিম দর্শন ও তৎসংশ্লিষ্ট শব্দ এবং উপপদ প্রভৃতির অর্থ, সংজ্ঞা ও ব্যাখ্যা সম্বলিত]

| | |
|---|---|
| Volume | 10 |
| Issue | 2 |
| Year | 1966 |
| ISSN | 0558-1583 |
| eISSN | 3006-886X |
| Author(s) | সাইয়েদ আবদুল হাই |
| Published online | December 16, 1966 |
| DOI | 10.62328/sp.v10i2.5 |
| Link to article | https://doi.org/10.62328/sp.v10i2.5 |
| Pages | 173-192 |
| Publisher | University of Dhaka |
| Copyright | সাহিত্য পত্রিকা |
| Designed and Developed by | Zobayer Abdullah |

Check for updates

# দর্শন ও মনোবিদ্যা পরিভাষাকোষ

[ মুসলিম দর্শন ও তৎসংশ্লিষ্ট শব্দ এবং উপপদ প্রভৃতির অর্থ, সংজ্ঞা ও ব্যাখ্যা সম্বলিত ]

সাইয়েদ আবদুল হাই

[ প্রথম ( ) - এর মধ্যে বাংলা অক্ষরের শব্দটির উচ্চারণ ও পরের ( ) - এর মধ্যে সংকেতের সাহায্যে শব্দটি দর্শন ও মনোবিদ্যার কোন শাখায় অধিক ব্যবহৃত হয় তাহা দেওয়া হইয়াছে। ]

যু : = যুক্তিবিদ্যা ( Logic )
দ : = সাধারণ দর্শনশাস্ত্র ( General Philosophy )
অর্থাৎ তত্ত্ববিদ্যা ( Metaphysics ) ও ধীবিদ্যা (Epistemology)
নী : = নীতিশাস্ত্র ( Ethics )
ম : = মনোবিদ্যা ( Psychology )

## C

[ পূর্ব প্রকাশিতের পর ]

Compossibility ( কম্পসিবিলিটি ) — সম্ভাবনা।

Compound ( কম্পাউণ্ড্ ) — যৌগিক, মিশ্র।

Proposition ( প্রোপজিশান ) — ( যুঃ ) যৌগিক বাক্য।

যে বাক্য একাধিক বিবৃতি জ্ঞাপন করে, অর্থাৎ যাহার একাধিক উদ্দেশ্য বা একাধিক বিধেয় ( বা একাধিক উদ্দেশ্য এবং একাধিক

বিধেয় ) থাকে, তাহাকে যৌগিক বাক্য বলে। যেমন : 'আজিজ ও হাসান বুদ্ধিমান'। যৌগিক বক্যের বিপরীত হইল সরল বাক্য (Simple Proposition )।

Theory of Mind ( কম্পাউণ্ড থিওরী অব মাইনও ) — মনের যৌগিক মতবাদ।

Reaction ( কম্পাউণ্ড রিঅ্যাকশান ) — যৌগিক প্রক্রিয়া।

Reaction time ( টাইম ) — ( মঃ ) যৌগিক প্রতিক্রিয়াকালে। Reaction time দ্রষ্টব্য।

Compromise formation ( কম্প্রোমাইজ ফরমেশান ) — আপোষ মূলক সংগঠন।

Comprehensible ( কম্প্রিহেন্সিবল্ ) — বোধগম্য।

Comprehension (কম্প্রিহেন্শান্ ) — বোধশক্তি।

Comprehensive ( কম্প্রিহেন্সিভ্ ) — ব্যাপক, অধিক ধীশক্তি সম্পন্ন।

Comprehensiveness ( -নেস্ ) — ব্যাপকতা।

Compresence ( কম্প্রিসেন্স ) — সহ-অবস্থান, অন্তর্ভুক্তি।

Conation ( কোনেশান ) — ইচ্ছা, কর্ম প্রবৃত্তি। 'ইচ্ছা' বা কর্মবৃত্তি মনের একটি প্রধান ক্রিয়া। ইচ্ছা বৃত্তির পরিচয় পাওয়া যায় চেষ্টা বা স্থূল ক্রিয়ার মধ্য দিয়া। ইচ্ছাবৃত্তি, কামনা, আকাঙ্ক্ষা, আবেগ, মনোযোগ প্রভৃতি চেষ্টাত্মক বৃত্তির মধ্য দিয়া বিশেষ বিশেষ স্থূল কর্ম প্রকাশিত হয়। অনেক মনোবিজ্ঞানী মনের ক্রিয়াগুলিকে তিন শ্রেণীতে ভাগ করেন তন্মধ্যে ইচ্ছা একটি শ্রেণী। অন্য দুইটি হইল : অবগতি (Cognition) ও অনুভূতি (Affertion)

Conatus ( কোনেটাস ) – চেষ্টা, ইচ্ছা।

Conceivability ( কনসিভ্যাবিলিটি )—বোধগম্যতা।

Concentration ( কনসেনট্রেশান ) — ঐক্যবিধান, এককেন্দ্রিকতা।

Concept —(যুঃ, দঃ,) ধারণা, সঠিক ধারণা। যে ধারণা কোন বিশেষকে না

বুঝাইয়া ঐ জাতীয় সকলকে বুঝায় তাহাই সঠিক ধারণা। ইহা সাধারণতঃ বোধশক্তি হইতে উদ্ভূত হয়। ইহার বিপরীত শব্দ হইল Percept (প্রত্যক্ষ)। প্রত্যক্ষ ইন্দ্রিয়জ অভিজ্ঞতা হইতে উদ্ভূত হয়।

**Concepion** ( কনসেপ্‌শান ) —ধারণা, ধারণাকরা।

**Conceptual** ) ধারনাযোগ্য, গুণগত।

Analysis (অ্যান্যালিসিস্‌) — গুণগত বিভাগ। কোন দ্রব্যের বিভিন্ন গুণাবলী বিশ্লেষণ করিতে গুণগুলিকে উল্লেখ করা হইলে তাহাকে গুণগত বিভাগ বলে। যেনন, চিনিকে মিষ্টত্ব, শ্বেতত্ব প্রভৃতি গুণে বিশ্লেষণ করা হইল গুণগত বিভাগ।

Realism (রীয়্যালিজম্‌) -(দঃ) ধারণাগত বাস্তববাদ,গুণগত বাস্তববাদ। এই মতবাদে জ্ঞাত ধারণাকে এক বাস্তব হিসাবে ধরা হয়। প্লাতোবাদ ও ধারণাবাদকে এই মতবাদের মধ্যে ধরা হয়।

**Conceptualism** ( কনসেপ্‌টিউয়্যালিসম ) – (দঃ) ধারণাবাদ।

**Coucomitance** ( কনকমিট্যান্স )— সহঅবস্থান।

Concomitant Variation ( কনকম্যিাণ্ট ভ্যারিয়েশন ) — সহ পরিবর্তন।

**Concomitant Variation Method of** ( মেথড্‌অব ) ( যুঃ ) সহ পরিতর্বন পদ্ধতি, কার্য-কারণ নির্ণয়ের পদ্ধতি বিশেষ।

যুক্তিবিদ মিল (Mill) নিম্নোক্ত ভাবে এই পদ্ধতির সংজ্ঞা দিয়াছেন; যদি কোনও ঘটনা একভাবে পরিবর্তিত হইলে অন্য একটি ঘটনা ও বিশেষ একভাবে পরিবর্তিত হয়, তাহা হইলে ঐ ঘটনাটি পূর্ববর্তী ঘটনাটির হয় কারণ, অথবা কার্য, অথবা ঐ ঘটনাটির সহিত কোন প্রকার কার্য-কারণ সূত্রে আবদ্ধ।

**Concrete** ( কনক্রীট্‌ ) — বস্তুবাচক, স্থূল, বাস্তব, মূর্ত।

**term** ( কনক্রীট টার্ম ) — (যুঃ) বস্তুবাচক পদ।

যে পদে দ্রব্য বা বস্তুর নাম বুঝায় তাহাকে বস্তুবাচক পদ বলে; মানুষ, গৃহ, পুস্তক ইত্যাদি। বস্তুবাচক পদের বিপরীত হইল

গুণবাচক পদ ( Abstract Term)।

Thinking (থিংকিং) — মূর্ত চিন্তা, স্থূল চিন্তা।

যে চিন্তায় বস্তুর মুর্ত্ত বা স্থূল বিষয়ের। যেমন রং আকার প্রভৃতি সামঞ্জস্যের উপর নির্ভর করিয়া বিভাগ বা শ্রেণীকরণ করা হয়, তাহাকে মূর্ত চিন্তা বলা হয়। আর যে চিন্তায় ক্রিয়া বা' প্রয়োজনীতার উপর নির্ভর করিয়া বিভাগ এবং শ্রেণীকরণ করা হয়, তাহাকে বিমূর্ত চিন্তা (Abstraict thinking ) বলা হয়।

Universal ( য়ুনিভার্সলে ) —(দঃ) মূর্ত সর্বজনীনসত্তা।

Concretion ( কনক্রীশান ) – পিণ্ড, তাল, পাথুরী, ঘনভবন।

Concupiscence ( কংকিউপিসেন্স )— কামুকতা।

Concurrence ( কন্‌কারেন্স ) — মিলন; যোগ, এক সময়ে সংঘটন।

Condensation ( কনডেন্‌শান ) — সংক্ষেপন।

Condition ( কণ্ডিশান ) —(যুঃ) কারণাংশ, শর্ত। যুক্তিবিদ্যায় কারণের অপরিহার্য অংশকে কারণাংশ বা শর্ত বলা হয়।

Conditional (কণ্ডিশান্যাল ) — সাপেক্ষ, শর্ত সাপেক্ষ।

Proposition ( প্রাপজিশান ) (যুঃ) সাপেক্ষ বাক্য।

যে বাক্যে শর্তউল্লেখ করিয়া কিছু বলা হয় তাহাকে সাপেক্ষ বাক্য বলে। সাপেক্ষ বাক্যে এমন কোন বিষয় (fact) বিবৃত হয় যাহা অন্য বিষয়ের উপর নির্ভর করে। যেমন: যদি সে আসে, তাহা হইলে আমি যাইব।

সাপেক্ষ বাক্যকে আবার দুই শ্রেণীতে ভাগ করা হয়, যেমন: প্রাকল্পিক ( Hypothetical ) ও বৈকল্পিক ( Disjunctive )। যে সাপেক্ষ বাক্যে শর্ত স্পষ্টভাবে উল্লেখ থাকে তাহাকে প্রাকল্পিক বাক্য বলে। প্রাকল্পিক বাক্যের আকৃতি হইল "যদি—তাহা হইলে —" যেমন: যদি বৃষ্টি হয়, তাহা হইলে ভূমি সিক্ত হয়। বৈকল্পিক বাক্যে উদ্দেশ্যের ( Subject-এর ) প্রতি সোজাসুজি কোন একটি বিধেয়

( Predicate ) প্রয়োগ করা হয় না। ইহাতে দুই বা ততোধিক বিকল্পের ( alternative ) উল্লেখ থাকে। বৈকল্পিক বাক্যের আকার হইল "হয় —অথবা"—যেমন শফীক হয় নির্বোধ অথবা ধূর্ত।

Immortality ( কণ্ডিশন্যাল্ ইম্‌মরট্যালিটি ) — সাপেক্ষ অমরত্ব।

Morality ( মর‍্যালিটি ) — ( নীঃ ) সাপেক্ষ নৈতিকতা।

Conditioned Reflex ( কণ্ডিশনড্ রিফ্লেক্স ) — (মঃ) সাপেক্ষ প্রতিবর্ত।

যে উদ্দীপক স্বভাবতঃ একটি প্রতিবর্ত উৎপাদন করে, তাহাকে প্রতিবর্ত বলা যাইতে পারে। ঐ প্রতিবর্তটি যখন স্বাভাবিক উদ্দীপক ছাড়া অন্য উদ্দীপকের সাহায্যে সৃষ্টি করা যায়, তখন তাহাকে সাপেক্ষ প্রতিবর্ত বলা হয়। স্বাভাবিক উদ্দীপকের সহিত অন্য উদ্দীপককে সংশ্লিষ্ট করিয়া বার বার চেষ্টার ফলে সাপেক্ষ প্রতিবর্ত সৃষ্টি হয়। যেমনঃ মাংসের সহিত জিহ্বার সংস্পর্শে কুকুরের লালা নিঃসরণ প্রতিবর্ত ঘটে। জিহ্বার সহিত মাংসের সংস্পর্শের সঙ্গে সঙ্গে যদি কয়েকবার একটি ঘণ্টা বাজানো হয়; তাহা হইলে ঘণ্টার শব্দ শুনিবামাত্র কুকুরের লালা নিঃসরণ হয়।

Conditioned Response ( কণ্ডিশণ্ড রেস্‌পন্স ) — ( মঃ ) সাপেক্ষ প্রতিবেদন। Conditioned Reflex দ্রষ্টব্য।

Conditioned stimulus ( ষ্টিম্যুলাস ) — ( মঃ ) সাপেক্ষ উদ্দীপক।

Conditioning ( কণ্ডিশনিং ) — সাপেক্ষী করণ Conditioning Reflex দ্রষ্টব্য।

Conduct ( কণ্ডাক্‌ট ) — আচরণ।

Conduction ( কণ্ডাকশান ) — সঞ্চালন, পরিবহন।

Cones ( কোন্‌স্ ) - শঙ্কু।

Cone —Vision ( কোন—ভিশন ) — (মঃ) শঙ্কু দৃষ্টি, দিবালোক দৃষ্টি। অক্ষিপটস্থ ( Retina-এর ) দণ্ড (Rod) ও শঙ্কু যথাক্রমে রাত্রিকালে ও দিবালোকে দেখিতে সাহায্য করে।

Configuration ( কন্‌ফিগিউরেশান্ ) — আকৃতি, গঠন।

Configurationism ( কনফিগারেশনইজম ) — আকৃতিবাদ, গঠনবাদ।

Confirmable ( কনফার্মেবল ) — দৃঢ় করণক্ষম, প্রতিষ্ঠিত করণক্ষম।

Confirmation ( কনফার্মেশান ) — প্রতিষ্ঠিত করণ, দৃঢ় করণ।

Confirmative ( কনফার্মেটিভ ) — প্রতিষ্ঠিত করণীয়, দৃঢ় করণীয়।

Conflict ( কনফ্লিক্ট্ ) — দ্বন্দ্ব, পরস্পর প্রচণ্ড সংঘর্ষ।

of duties ( অব ডিউটিজ্ ) — কর্তব্যের সংঘাত, কর্তব্য সঙ্কট।

Confused ( কনফিউজড্ ) — বিশৃঙ্খল, এলোমেলো।

Confusion ( কনফিউশান ) — বিশৃঙ্খল অবস্থা।

Congenital ( কনজেনিট্যাল ) — সহজাত।

Congruity ( কংগ্রোইটি ) — সঙ্গতি, ঐক্য।

Congruous ( কংগ্রুয়াস ) — সঙ্গত।

Conjugation ( কনজুগেশান ) — সংযোজন ।

Conjuction ( কনজাংশান ) — সংযোজন।

of Causes ( অব কজেস্ ) — ( যুঃ ) বহুকারণ সমন্বয়।

কার্য-কারণ নিয়ম অনুসারে বিভিন্ন কারণের জন্য বিভিন্ন কার্য ঘটিয়া থাকে। কারণগুলি যদি স্বতন্ত্র হয়, তাহা হইলে কার্যগুলিও স্বতন্ত্র হইবে। কিন্তু সাধারণতঃ প্রকৃতির ঘটনাগুলি স্বতন্ত্র অবস্থায় না থাকায় বেশ জটিল ও মিশ্রিত অবস্থায় থাকে। সেইজন্য প্রায়ই দেখিতে পাওয়া যায় যে প্রকৃতিতে অনেকগুলি কারণ একত্র কাজ করে এবং তাহাদের বিভিন্ন কার্য স্বতন্ত্র না হইয়া একত্র মিশ্রিত হয়। একাধিক কারণ যখন একত্র মিলিত হইয়া একটি জটিল কার্য সম্পাদন করে, তখন তাহাকে কারণের দিক হইতে বহুকারণ সমন্বয় ও কার্যের দিক হইতে কার্য-সংমিশ্রণ (Intermixture of Effects) বলা হয়।

Connate ( কোনেট ) —সহজাত।

Connectionism ( কনেক্শানইজম ) — সংযুক্ততাবাদ।

**Connexity** ( কনেকসিটি ) — সংযুক্ততা।

**Connection** ( কনেকশান ) — সংযোগ।

**Connotative Term** ( কোনট্যাটিভ টার্ম ) — ( যুঃ ) জাত্যর্থক পদ।

যুক্তিবিদ মিল ( Mill ) নিম্নোক্তরূপে জাত্যর্থক পদের সংজ্ঞা নির্ণয় করিয়াছেন। তিনি বলেন, যে পদ কোন বস্তু এবং ইহার গুণ নির্দেশ করে তাহাকে জাত্যর্থক পদ বলে। অর্থাৎ যে পদের ব্যক্ত্যর্থ ও জাত্যর্থ উভয়ই বর্তমান তাহাকে জাত্যর্থক পদ বলে। যেমনঃ 'মানুষ' পদটি জাত্যর্থক, কারণ ইহা কতকগুলি বস্তু এবং ইহাদের কতকগুলি সাধারণ গুণ 'প্রাণিত্ব ও বুদ্ধিবৃত্তি বুঝায়। অর্থাৎ ইহার ব্যক্ত্যর্থও আছে, জাত্যর্থও আছে। মনে রাখিতে হইবে যে, জাত্যর্থক পদ বলিতে কেবল জাত্যর্থ সম্পন্ন পদ বুঝায় না। জাত্যর্থক পদের জাত্যর্থ ও ব্যক্ত্যর্থ উভয়ই আছে।

**Connotative View** ( ভিউ ) — ( যুঃ ) জাত্যর্থকবাদ।

এই মতানুসারে বাক্যের উদ্দেশ্য ও বিধেয় উভয়ই জাত্যর্থ জ্ঞাপক। অর্থাৎ উদ্দেশ্য বিধেয় উভয়কেই জাত্যর্থের ( Connotative ) অর্থে গ্রহণ করিতে হইবে। এই মতানুযায়ী উদ্দেশ্য পদের দ্বারা জ্ঞাপিত গুণ ও বিধেয় দ্বারা জ্ঞাপিত গুণ একত্রে অবস্থান করে কিনা, বাক্য তাহাই বিবৃত করে। যেমন, এই মতানুসারে "মানুষ মরণশীল" এর অর্থ হইল মনুষ্যত্ব গুণ ও মরণশীলতা গুণ একত্রে অবস্থান করে। 'মানুষ অমর নয়'—এর অর্থ মনুষ্যত্ব নামক গুণের সহিত অমরত্ব নামক গুণের সম্বন্ধ নাই।

**Connotation** ( কনোটেশান ) — ( যুঃ ) জাত্যর্থ, জাতিবোধক গুণ।

একটি পদের জাত্যর্থ বলিতে এই পদ যে গুণ বা গুণাবলীর বিশেষভাবে উল্লেখ করে সেই গুণ বা গুণাবলীকে বুঝায় অর্থাৎ যে গুণ বা গুণাবলী কোন শ্রেণীর সকল ব্যষ্টিতেই বর্তমান, যে গুণ আছে বলিয়া ঐ বস্তুগুলি ঐ রূপ হইয়াছে, সেই গুণই হইল ঐ

শ্রেণীবাচক পদের জাত্যর্থ। যেমন, মানুষ পদটির জাত্যর্থ হইল প্রাণিত্ব ও বুদ্ধিবৃত্তি, কারণ এই-দুইটি গুণ সমস্ত মানুষের মধ্যে বর্তমান আছে এবং এই দুইটি গুণ আছে বলিয়াই মানুষ মানুষ।

Conscience ( কনসিয়েন্স, কন্‌শান্‌স ) — বিবেক।

Conscientalism ( কনসেনটালিজম ) — ভাববাদ। এই মতবাদ অনুসারে প্রত্যক্ষকৃত বস্তু প্রকৃত পক্ষে মানস বস্তু।

Conscientialism ( কন্‌সেনটিয়ালিজ্‌ম ) — বিবেক বাদ।

Conscious ( কনসাস ) — ( মঃ ) সচেতন, সজ্ঞান।

expırience ( এক্‌স্‌পীরিয়েন্স ) — ( মঃ ) সচেতন অভিজ্ঞতা, সচেতন অনুভূতি।

Conscious Illusion Theory ( কনসাস ইল্যুশান থিওরী ) — ( মঃ ) সচেতন ভ্রান্তি মতবাদ।

প্রত্যক্ষকরণ সম্বন্ধে মতবাদ বিশেষ। এই মতবাদ অনুসারে আমাদের মানসিক পরিবেশ প্রত্যক্ষকে বহুল পরিমাণে প্রভাবান্বিত করে। মনোবিজ্ঞানী ল্যাংগ্‌ ( Lange ) এই মতবাদ প্রদান করেন।

Consciousness ( কনসাসনেস্‌ ) – ( মঃ ) চেতনা।

Field of ( ফিল্ড অব ) – ( মঃ ) চেতনা-ক্ষেত্র, সচেতন ক্ষেত্র।

in General ( ইন জেনারেল ) – সাধারণ চেতনা।

Consectarium ( কনসেকটারিয়াম ) — অনুসরণী।

Consensus gentium ( কনসেন্‌সাস্‌ জন্টিয়াম ) – সর্ববাদী সম্মত।

Consent ( কনসেনট্‌ ) – সম্মতি, মত।

Consentience (কনসেনটিয়েন্স ) – ঐক্য, চেতন।

Consequence ( কনসিকোয়েন্স ) — ফল, পরিণাম।

Consequent ( কন্‌সিকোয়েন্ট্‌ ) — (যুঃ) অনুগ, পরিণামগত, ফলস্বরূপ আগত।

যুক্তি বিদ্যায় বাক্যগুলিকে সম্বন্ধ অনুসারে নিরপেক্ষ ও সাপেক্ষ —এই দুই ভাগে ভাগ করা হয়। সাপেক্ষ বাক্যকে আবার প্রাকল্পিক

ও বৈকল্পিক—এই দুই ভাগে ভাগ করা হয়। প্রাকল্পিক বাক্যে দুইটি বাক্যাংশ থাকে। ইহার যে অংশে শর্ত ছাড়া অন্য বক্তব্য বলা হয় তাহাকে অনুগ বলে।

Consilience ( কনসিলিয়েন্স ) — সমন্বয়।

of Induction ( অব ইনডাকশান ) — ( যুঃ ) আরোহ সমন্বয়।

কোন প্রকল্পের সাহায্যে যত অধিক সংখ্যক ঘটনার ব্যাখ্যা করা যায় সেই প্রকল্পের মূল্যও তত বৃদ্ধি পায়। যে ঘটনাটি ব্যাখ্যা করার জন্য প্রকল্পটি প্রণয়ন করা হয়, সেই ঘটনাটি ছাড়াও অন্যান্য ঘটনাকে যখন প্রকল্পটি ব্যাখ্যা করিতে সমর্থ হয়, তখন প্রকল্পটির মর্যাদা আরও বৃদ্ধি পায়। জড় পদার্থের ভূমিতে পতনের কারণ নির্ণয় করার জন্য নিউটন মাধ্যাকর্ষণ প্রকল্প রচনা করিলেন। কিন্তু ঐ প্রকল্পের সাহায্যে কেবল জড়পদার্থের ভূমিতে পতনের কারণই নির্ণয় করিলেন না; জোয়ার-ভাটা, গ্রহের কক্ষপথ প্রভৃতির কারণও নির্ণয় করিতে সমর্থ হইলেন। এই জন্য মাধ্যাকর্ষণ নিয়ম বিজ্ঞানে একটি প্রধান স্থান অধিকার করিয়া আছে। প্রকল্পের এই প্রকৃতিকে, অর্থাৎ যে ঘটনাকে ব্যাখ্যা করার জন্য প্রকল্পটি প্রণয়ন করা হয়, সেই ঘটনাটির অতিরিক্ত ঘটনাকেও ব্যাখ্যা করার শক্তিকে, যুক্তি-বিদ্‌রা আরোহ-সমন্বয় আখ্যা দিয়াছেন।

Consistency ( কনসিস্‌টেন্সি ) — সামঞ্জস্য।

Proof ( প্রুফ ) — সামঞ্জস্য প্রমাণ।

Consolidation ( কনসলিডেশান ) – একত্রীকরণ, ঘনীভূতকরণ।

Constancy phenomenon ( কন্‌স্ট্যানসী ফিনোমিনন ) — ( মঃ ) ধ্রুবকী বাহ্যসত্তা। [ বস্তুর মধ্যে পরিবর্তন হইলেও আমরা তাহাকে স্থির বা নিত্য বলিয়া মনে করি, অনেক বিদ্যার পরিভাষায় ইহাকে ধ্রুবকী বাহ্যসত্তা বলা হয়। ]

Constant ( কন্‌ষ্ট্যাণ্ট্‌ ) – নিত্য, অপরিবর্তনীয়, ধ্রুবক।

— error ( কনস্‌ট্যাণ্ট এরর্‌ )—ধ্রুবক ভ্রান্তি।

factors ( ফ্যাক্টরস্ ) —ধ্রুবক অংশ, ধ্রুবক, গুণনীয়ক।

— method ( মেথড্ ) – ধ্রুবক পদ্ধতি।

**Constituted** ( কন্‌ষ্টিটিউটেড্ ) – গঠিত সংগঠিত।

**Constitution** ( কনষ্টিটিউশান ) – গঠন, সংগঠন।

**Constitutive** ( কন্‌সিটটিউটিভ্ ) — গঠনশীল।

**Construct** ( কনসট্রাক্‌ট্ ) — নির্মাণ, সঙ্কলন, নবগঠন।

**Construct**, imagination ( ইম্যাজিনেশান ) – কাল্পনিক নির্মাণ।

**Construction** ( কন্‌সট্রাকশান ) – নির্মাণ।

(of Assoiation)--ও বৈসাদৃশ্য বা বৈপরীত্য অনুষঙ্গ নিয়ম (Law of Contrast)

**Contemplation** ( কন্‌টেমপ্লেশান ) – চিন্তা, ভাবনা।

**Contemplative** ( কনটেমপ্লেটিভ্ ) – চিন্তাশীল, ভাবুক।

**Content of Consciousness** ( কন্‌টেন্ট অব কনসাস্‌নেস্ ) – চেতনার পরিমাপ, চেতনার আধেয়।

**Context** ( কন্‌টেট ) – প্রসঙ্গ।

**Contextual definition** ( কনকেচ্যুয়াল ডফিনিশন, কনটেক্‌ষ্টটিউয়াল ডেফিনিশান ) – প্রসঙ্গ সংজ্ঞা।

**Contiguity** ( কন্‌টিগিউয়িটি ) – সান্নিধ্য।

**—Law of** ( ল অব ) – ( মঃ ) সান্নিধ্য—নিয়ম, সান্নিধ্য— অনুষঙ্গ নিয়ম। প্রত্যক্ষের প্রতিরূপগুলি পরে স্মৃতিরূপে প্রতিভাত হয়। স্মৃতিতে কোন্ প্রতিরূপ কোন্ প্রতিরূপের অনুষঙ্গী হইবে তাহার কয়েকটি নিয়ম আছে। তাহার একটি হইল সান্নিধ্য নিয়ম। পূর্ব প্রত্যক্ষ বা অভিজ্ঞতায় যে সকল বস্তু, স্থান (দেশ) বা সময়ের ( কাল ) দিক দিয়া পরস্পরের নিকটবর্তী ছিল উহাদের প্রতিরূপগুলি একই সঙ্গে স্মৃতিতে প্রতিভাত হয়। ইহাই সান্নিধ্য বা সান্নিধ্য অনুষঙ্গী নিয়ম। এই বিষয়ের অন্য দুইটি নিয়ম হইল সাদৃশ্য অনুষঙ্গী নিয়ম ( Law of Association ) ও বৈসাদৃশ্য বা বৈপরীত্য অনুষঙ্গ

নিয়ম ( Law of Contrast )

Contingency (কন্‌টিন্‌জেন্সী) — আকস্মিক ঘটনা।

Continence (কন্‌টিনেন্স্‌)— (নী) জিতেন্দ্রিয়তা।

Contingent (কন্‌টিন্‌জেণ্ট)— আকস্মিক, সাপেক্ষ, সম্ভাব্য.।

Contingent Probability ( প্রোব্যাবিলিটি) – সাপেক্ষ সম্ভাবনা।

Continuance ( কন্‌টিনিউয়্যান্স ) – অবস্থিতি, ধারাবাহিকতা।

–, ( সে ন্সরী ) — সংবেদনজ অবস্থিতি।

Continuant ( কন্‌টিনিউয়্যাণ্ট ) – ধারাবাহিক।

Continuation ( কনটিনিউয়েশান)— ধারাবাহিকতা।

Continuity ( কনটিনিউটি ) — ধারাবাহিকতা, অনবচ্ছেদ, অবিরামত্ব।

Contract ( কন্‌ট্রাক্ট্‌ ) — চুক্তি।

Contraction — ( কন্‌ট্রকশাণ ) — সংকোচন।

Contradictio in adjecto ( কনট্রাডিকশিও ইন অ্যাড্‌জে্‌কটো ) — (যুঃ) গুণগত বিরোধ, কোন বিশেষ্য ও তাহার গুণনির্দেশ বিশেষণের মধ্যে বিরোধ। যেমনঃ গোলাকার বর্গ।

Contradiction ( কনট্রাডিকশান ) — বিরোধ।

—, Law of ( ল অব ) —(যুঃ) বিরোধ। বাধক নিয়ম, বিরোধাত্মক নিয়ম। ইহা চিন্তার একটি মৌলিক নিয়ম।

ক কখনও খ ও না-খ হইতে পারে না। অর্থাৎ কোনও উদ্দেশ্য একই সময়ে দুইটি বিরোধী বিধেয় গ্রহণ করিতে পারে না। যেমন, কোন ব্যক্তি একই সময়ে জীবিত ও মৃত হইতে পারে না।

Contradictory terms ( কনট্রাডিক্‌টরী টার্মস্‌ ) — (যুঃ) বিরুদ্ধ পদ।

দুইটি পদের সম্বন্ধে যদি এইরূপ হয় যে, ইহার একটি যে বস্তু বা গুণের অস্তিত্ব বুঝায় অপরটি সেই বস্তু বা গুণের অভাব বুঝায় এবং ইহার যে বিশেষ ক্ষেত্রের বস্তু বা গুণ বুঝায় সেই ক্ষেত্রের পূর্ণ ব্যক্ত্যর্থের সমান হয়, তাহা হইলে ঐ পদ দুইটিকে পরস্পর বিরোধী পদ বলা হয়।

**Contradictory opposition** ( কনট্রাডিক্টরী অপজিশান ) — ( যুঃ ) বিরুদ্ধ বিরোধিতা।

একই উদ্দেশ্য ও একই বিধেয়-বিশিষ্ট দুইটি বাক্যের গুণ ও পরিমাণ উভয়ই যদি ভিন্ন হয়, তাহা হইলে তাহাদের মধ্যস্থিত সম্বন্ধকে বিরুদ্ধ বিরোধিতা বলে। যেমনঃ 'সকল মানুষ বুদ্ধিমান' ও 'কোন মানুষ বুদ্ধিমান নয়' এই দুই বাক্যের মধ্যের সম্বন্ধ।

**Contraposition** ( কনট্রাপোজিশান ) — ( যুঃ ) আবর্তিত, প্রতিবর্তন, প্রতি-আবর্তন।

যে অমাধ্যম অনুমানে হেতু-বাক্যের বিধেয়ের বিরুদ্ধে ( Contra-dictsry ) পদকে উদ্দেশ্যরূপে এবং উদ্দেশ্যকে বিধেয়রূপে ব্যবহার করিয়া যুক্তি সঙ্গত সিদ্ধান্ত প্রতিষ্ঠা করা হয়, তাহাকে আবর্তিত প্রতিবর্তন বলে।

**Contrapositive** ( কনট্রাপোসিটিভ ) — ( যুঃ ) প্রতিআবর্তিত বাক্য।

**Contrary term** ( কন্ট্রারী টার্ম ) — ( যুঃ ) বিপরীত পদ।

দুই বা ততোধিক পদের সম্বন্ধ যদি এইরূপ হয় যে কোন বস্তু সম্পর্কে ইহারা একই সময়ে সত্য হইতে পারে না, কিন্তু একই সময়ে মিথ্যা হইতে পারে, তাহা হইলে ইহাদিগকে পরস্পরের বিপরীত পদ বলা হয়।

**Contrary opposition** ( কনট্রারী অপজিশান ) — ( যুঃ ) বিপরীত বিরোধিতা

দুইটি সার্বিক বাক্যের গুণ যদি ভিন্ন হয়, তাহা হইলে তাহাদের সম্বন্ধকে বিপরীত বিরোধিতা বলে। যেমনঃ 'সকল মানুষ বুদ্ধিমান' ও 'কোন মানুষ বুদ্ধিমান নয়,' এই দুই বাক্যের মধ্যের সম্বন্ধ।

**Contraries** ( কনট্রারীজ্ ) — বিপরীতদ্বয়।

**Contrast** ( কনট্রাসট্ ) — বৈষম্য, বৈপরীত্য।

Association by ( এ্যাসেসিয়েশান বাই ) —( যুঃ ) বৈপরীত্যজনক অনুষঙ্গ।

Control ( কনট্রোল ) — সংযত।

group ( গ্রুপ ) – (মঃ) দল, পুঞ্জ।

Controlled association ( কনট্রোল্‌ড্‌ এ্যাসোসিয়েশান ) — সংযত অনুষঙ্গ।

Convention ( কন্‌ভেন্‌সন ) — প্রচলন, রীতিনীতি।

Conventionalism (কন্‌ভেন্‌শাগলিজম) – প্রচলিত রীতি অনুসরণ।

Convergence ( কন্‌ভারজেন্স ) – সমধর্মিতা, সমকেন্দ্রিক, সমকেন্দ্রাভিমুখিতা।

Convergent ( কন্‌ভারজেন্ট ) – সমধর্মী, সমস্বভাব, সমকেন্দ্রাভিমুখ।

Converse ( কন্‌ভার্স ) — ( যুঃ ) আবর্তিত।

Relation ( রিলেশান ) — আবর্তিত সম্বন্ধ, বিপরীত সম্বন্ধ।

Inference by ( ইনফারেন্স বাই ) বিপরীত সম্বন্ধের সাহায্যে অনুমান, আবর্তন।

ইহা এক প্রকারের আবর্তন অনুমান। এই অনুমানে উদ্দেশ্য ও বিধেয়ের স্থান পরিবর্তন করিবার সময় ইহাদের মধ্যস্থিত সম্বন্ধও পরিবর্তন করিতে হয়। যেমন : শাহ্‌জাহান জাহাঙ্গীরের পুত্র, জাহাঙ্গীর শাহজাহানের পিতা।

যুক্তিবিদ কীনস্‌ ( Keynes ) এইরূপ অনুমানের উদ্ভাবন করেন।

Conversion ( of proposition ) ( কন্‌ভারশান ) — (যুঃ) আবর্তন।

কোন বাক্যের উদ্দেশ্য ও বিধেয়কে ন্যায় সঙ্গতভাবে যথাক্রমে বিধেয় ও উদ্দেশ্যে পরিণত করিয়া একটি নুতন বাক্য অর্থাৎ সিদ্ধান্তে উপনীত হওয়ার নাম আবর্তন।

Conviction ( কন্‌ভিকশান্‌ ) — দোষ প্রমাণ, দৃঢ় বিশ্বাস।

Convincing ( argument ) ( কন্‌ভিন্‌সিং ) — বিশ্বাস।

Convolution ( কন্‌ভল্যুশান্‌, ) — কুণ্ডলী, ভাঁজ।

Co-ordinatie ( কো-আরডিনেট ) — তুল্য।

Co-ordinate Species ( স্পিশীজ ) — (যুঃ) সমজাতীয় উপজাতি, সমোপজাতি।

একই জাতির ( genus ) অন্তর্গত যে সকল উপজাতি থাকে তাহাদিগকে সমজাতীয় উপজাতি বলা হয়।

Co-ordination ( কো-অরডিনেশান ) — সহযোজন, সমন্বয়।

Copula (কপুলা ) – (যুঃ) সংযোজক।

যে পদ উদ্দেশ্য ও বিধেয়ের সম্বন্ধ সূচক, বা উদ্দেশ্যে ও বিধেয়কে সংযুক্ত করে তাহাই সংযোজক।

Copulative proposition (কপিউল্যাটিভ প্রোপজিশান)-(যুঃ)সংযোজিত বাক্য।

যে যৌগিক বাক্যের অন্তর্গত সরল বাক্যগুলি সদর্থক ( affirmative ) তাহাকে সংযোজিত বাক্য বলে।

Cornea ( কর্ণিয়া ) — অচ্ছোদপটল, কর্ণিয়া।

চক্ষুর পর্দার স্বচ্ছ অংশ।

Cordona (কর্ডোভা) কর্ডোভা, কার্তু´বা। স্পেনের (আন্দালুসিয়া) মুসলিম আমলের একটি প্রধান শহর। মুসলিম আমলে জ্ঞান-বিজ্ঞানের জন্য এই শহর খুবই প্রসিদ্ধ ছিল। এখানে বহু মাদ্রাসা ও গ্রন্থাগার স্থাপিত হইয়াছিল। পৃথিবীর অন্যান্য অংশ হইতে ছাত্রেরা এখানে পড়াশুনা করিতে আসিতেন। প্রসিদ্ধ দার্শনিক ইবনে তুফায়েল ও ইবনে রুশদ কর্ডোভার বিদ্যার জ্যোতিকে উজ্জ্বলতর করিয়া দিয়াছেন।

Corpus Callosum ( করপাস ক্যালোসাম ) — (মৃঃ) করপাসক্যালোসাম, বক্রতন্তুগ্রন্থি।

Stratum ( ষ্ট্রেটাম ) — (মঃ) করপাসষ্ট্রেটাম, সরল তন্তুগ্রন্থি।

Corollary ( করোলারী ) — অনুমান, অনুসিদ্ধান্ত।

Corporative state ( করপোরেটিভ্ ষ্টেট ) — গঠন মূলক যৌথ রাষ্ট্র।

Corrective justice ( করেকটিভ জাস্টিস্ ) – সংশোধনী বিচার।

Correlated (কোরিলেটেড) – পরস্পর সম্বন্ধ যুক্ত।

Correlatedness ( কোরিলেটেডনেয ) পরস্পর সম্বন্ধ যুক্ততা।

Correlation ( কোরিলেশান ) —সহ-সম্বন্ধ।

Sensory ( সেন্সরী ) – সংবেদজ সম্বন্ধ।

Correlative ( কোরিলেটিভ্ ) —অন্যোন্যসাপেক্ষ।

**Correlative terms** ( টার্মস ) — ( যুঃ ) অন্যোন্য সাপেক্ষ পদ।

কোন সাপেক্ষ পদের অর্থ বুঝিতে হইলে অন্য এক পদের সহিত ইহার সম্পর্ক বিচার করিয়া দেখিতে হয়। যেমনঃ 'শিক্ষক'-এর অর্থ বুঝিতে হইলে 'ছাত্র'-এর অর্থ বুঝা দরকার। এই দুই সাপেক্ষ পদকে পরস্পরের সম্পর্কে অন্যোন্য সাপেক্ষ পদ বলা হয়।

**Correlativity** ( কোরি্লেটিভিটি্ ) — পারস্পরিক সম্বন্ধ।

**Correspondence** ( করেস্পণ্ডেন্স্ ) — সাদৃশ্য।

—**Theory of Truth** ( থিওরী অব ট্রুথ ) — সত্যের সাদৃশ্য মতবাদ, বস্তু স্বারূপ্যবাদ।

ইহা সত্য সম্বন্ধে একটি মতবাদ। এই মত অনুসারে কোন বাক্যের সত্যতা নির্ভর করে তাহার সহিত ঘটনা বা বস্তুর যথার্থ মিলের উপর। এই মতবাদ অনুসারে আমরা একটি উক্তিকে সত্য বলিয়া বিবেচনা করিব তখনই, যখন এই উক্তির সহিত বাস্তব ঘটনা বা বস্তুর মিল থাকে।

**Cortex** ( কোরটেক্স ) — বহিঃস্তর।

**Cortical localization** ( করটিক্যাল লোকালাইজেশান ) — বহিঃস্তরীয় অবস্থান নির্ণয়।

**Cortisone** ( করটিসন ) — ( মঃ ) করটিসন, হরমোন বিশেষ, গ্রন্থির রসবিশেষ।

**Cosmic evolution** ( কস্মিক্ ইভোলিউশান ) — জাগতিক বিবর্তন।

**Cosmogony** ( কস্মোগোনী ) — সৃষ্টিধারা।

**Cosmological argument** ( কস্মোলোজিক্যাল আরগুমেণ্ট ) — ( ঈশ্বরের অস্তিত্ব সম্বন্ধে ) সৃষ্টিতত্ত্ব হইতে যুক্তি।

ইহা ঈশ্বর-সত্তা প্রমাণের একটি যুক্তি বিশেষ। কার্য-কারণ সম্বন্ধের উপর এই যুক্তি প্রতিষ্ঠিত। এই বিশ্ব জগত এক বিরাট ঘটনা প্রবাহ। ইহার এক একটি ঘটনা বা কার্য পূর্ববর্তী কারণ দ্বারা নিয়ন্ত্রিত। কিন্তু এই কার্য-কারণ প্রবাহের মূলে এক চরম

কারণের সত্তা আমাদিগকে মানিয়া নিতে হয়। সেই চরম কারণ যদিও সব কার্যের কারণ তথাপি তাহা কোন কারণ দ্বারা চালিত নয়। বিশ্বের এই চরম কারণই ঈশ্বর বা আল্লাহ্‌তায়ালা।

**Cosmology** ( কস্‌মোলাজি ) — সৃষ্টিতত্ত্ব।

**Cosmopolis** ( কস্‌মোপোলিস্‌ ) — বিশ্বজনীনবাদ।

**Cosmopolitan** ( কস্‌মোপোলিটান্‌ ) — বিশ্বজনীন, সর্বজনীন।

**Cosmopolitanism** ( কস্‌মোপোলিট্যানিজম্‌ ) — বিশ্বজনীনবাদ।

**Cosmos** ( কস্‌মস্‌ ) — বিশ্বজগত, বিশ্বব্রহ্মাণ্ড।

**Cosmothetic Idealism** ( কস্‌মোথিটিক অ্যাইডিয়ালিজম ) — কসমোথিটিক অধ্যাত্মবাদ, দ্বৈতবাদিক অধ্যাত্মবাদ, দ্বৈতবাদিক ভাববাদ।

**Cotwin control** ( কো-টুয়িন কণ্ট্রোলি ) — ( মঃ ) ইহা মনোবিদ্যার একটি পরীক্ষণ পদ্ধতি। এইপদ্ধতি যমজদের শারীরিক পরিপক্কতা ও শিক্ষন-পরিমাপের জন্য বিশেষ ভাবে উপযোগী।

**Counter-point** ( কাউন্টার-পয়েন্ট ) — সংযোজন, বিভিন্ন সুরের মিশ্রণ।

**Counting** ( কাউন্টিং ) — গণনা।

— **mania** ( ম্যানিয়া ) — গণনা বাতিক।

**Courage** ( কারেজ ) — সাহস।

**Creation** ( ক্রিয়েশান ) — সৃষ্টি, সৃজন।

**Cretinism** ( ক্রিটিনিজ্‌ম্‌ ) — বামনত্ব।

**Creative** ( ক্রীয়াটিভ্‌ )—সৃজনী।

**thinking** ( থিংকিং ) — সৃজনী চিন্তা।

**Evolution** ( ইভোলুশান ) — সৃজনী বিবর্তনবাদ।

এই মতবাদ অনুসারে বিবর্তনের প্রতিটি পরবর্তী স্তরে এমন কিছুর উদ্ভব ঘটে যাহা তাহার পূর্ববর্তী স্তরে ছিল না। যেমন : জড় হইতে বিবর্তনের ফলে জীবনের সৃষ্টি হয়। জীবন জড় হইতে সম্পূর্ণ রূপে পৃথক। অতএব জীবনকে জড় দ্বারা ব্যাখ্যা করা যায় না।

**Synthesis** ( সিনথেসিস ) — সৃজনী সংশ্লেষণ।

Theoryof perception (থিওরী অব পারসেপ্‌শান্‌) — (মঃ) সংবেদনের সৃজনী মতবাদ।

Crime ( ক্রাইম্‌ ) — ( মঃ, নী ) অপরাধ।

Criminal psychology ( ক্রিমিন্যাল সাইকোলজি ) — (মঃ) অপরাধ-মনোবিদ্যা।

Criteria (ক্রাইটীরিয়া) – নির্ণায়কসমূহ, মানসমূহ। criterion শব্দের বহু বচন।

Criterion ( ক্রাইটীরিয়ানন্‌ )— নির্ণায়ক, মান।

ethical ( ইথিক্যাল ) —নৈতিক মান।

Critcal Idealism ( ক্রিটিক্যাল অ্যাইডিয়ালিজম্‌ ) — সবিচার অধ্যাত্মবাদ, ভাববাদ।

এই মতবাদ অনুসারে আমাদের মন প্রত্যক্ষভাবে কোন বস্তু জানিতে পারে না। মন প্রত্যক্ষভাবে কেবল মাত্র তাহার ধারণাগুলি জানিতে পারে। বস্তুর স্বতন্ত্র অস্তিত্ব রহিয়াছে কিন্তু আমরা তাহাকে জানি পরোক্ষভাবে, ধারণা বা প্রতীকের মাধ্যমে। ফরাসী দার্শনিক ডেকার্ট ( Descartes ) ও ইংরাজ দার্শনিক লক্‌ ( Locke ) এই মতের সমর্থক।

Critical Method ( ক্রিটিক্যাল মেথড্‌ ) সবিচার পদ্ধতি, সমীক্ষণ পদ্ধতি।

Critical Monism ( মনিজম ) — (দঃ) সবিচার অদ্বৈত, সবিচার একবাদ। ইহা প্রধানতঃ তত্ত্ববিদ্যার অন্তর্গত প্রকৃত সত্তার সংখ্যা সম্বন্ধে একটি মতবাদ। এই মতবাদে বাস্তব সত্তার একত্বকে নির্বিঘ্নে স্বীকার করিয়া বহুত্বকে একত্বের অন্তর্ভুক্ত বলিয়া মনে করে।

Critical Realism ( রিয়্যালিজম্‌ ) — (দঃ) সবিচার বাস্তববাদ।

ইহা সাধারণতঃ ধীবিদ্যার জ্ঞানের উৎস সম্বন্ধে একটি মতবাদ। এই মতবাদ প্রত্যক্ষ অভিজ্ঞতা ও ধারণা বহির্ভূত বাস্তব জগতের সত্তাকে স্বীকার করে, কিন্তু-লব্ধ-অভিজ্ঞতার সবই বাস্তব বলিয়া স্বীকার

করায় অসুবিধা আছে বলিয়া মনে করে। এই মতবাদ বিচার বিযুক্ত (Uncritical বা Naive Realism বাস্তব মতবাদ ও নিউ বাস্তববাদ (Neo Realism) হইতে স্বতন্ত্র।

**Criticism** (ক্রিটিসিজম)— (দঃ) বিচারবাদ, পরীক্ষণবাদ, সমীক্ষণবাদ।

জ্ঞানের উৎস সম্বন্ধে মতবাদ বিশেষ। আধুনিক পাশ্চাত্য দর্শনে জার্মান দার্শনিক কাণ্ট (Kant) এই মতবাদ প্রবর্তন করেন। এই মতানুসারে জ্ঞানের উদ্ভব হয় অভিজ্ঞতা ও অভিজ্ঞতা-পূর্ব ধারণার সমন্বয়ে।

**Critique** (ক্রিটিক) — সমীক্ষা, সমালেচনা বিদ্যা, সমালোচনা।

**Critique of Pure Reason** (ক্রিটিক্ অব পিওর রিজন)। বিশুদ্ধ যুক্তিসমীক্ষা। দার্শনিক ইমানুয়েল কাণ্ট (Immanual Kant) লিখিত পুস্তক বিশেষ।

**Cross-division** (ক্রস্ ডিভিশান)—সঙ্কর বিভাগ।

**Cross-education** (এডুকেশান) — বিমিশ্রিত শিক্ষা।

**Cross-Roads Hypothesis** (ক্রস্ রোডস্ হাইপোথেসিস্)—দেহ-মন সম্বন্ধবাদ এই মতে ঠিক একই জিনিস এক পরিস্থিতিতে দৈহিক ও অন্য পরিস্থিতিতে মানসিক হিসাবে প্রতীয়মান হইতে পারে।

**Crowd** (ক্রাউড)— জনতা।

**Crucial experiment** (ক্রুশিয়াল এক্স্পেরিমেণ্ট) — (যুং) চরম পরীক্ষণ।

যখন দুইটি বিরোধী প্রকল্প সমান স্বাচ্ছন্দ্যের সহিত কোনও ঘটনাকে ব্যাখ্যা করিতে পারে; তখন প্রকল্প দুইটির কোনটি গ্রাহ্য এবং কোনটি ত্যাজ্য তাহা নির্ণয় করা কঠিন হয়। এইরূপ ক্ষেত্রে যদি আলোচ্য ঘটনাটির এমন একটি দিক দেখা যায়, যাহাকে প্রকল্প দুইটির কেবল একটির সাহায্যেই ব্যাখ্যা করা যায় তাহা হইলে এইরূপ চরম দিকের সাহায্যে একটি মাত্র প্রকল্পকে গ্রহণ করা হয়। এইরূপ চরম দৃষ্টান্ত যখন পরীক্ষণের মাধ্যমে পাওয়া যায়; তখন তাহাকে চরম পরীক্ষণ বলে।

Crucial Instance ( ইন্‌সট্যান্স )— (যুঃ) চরম দৃষ্টান্ত।

দুইটি বিরোধী প্রকল্পের একটিকে গ্রহণ অপরটিকে বর্জন করার মত চরম দৃষ্টান্ত যখন নিরীক্ষণের মাধ্যমে পাওয়া যায়, তখন ঐ দৃষ্টান্তকে চরম দৃষ্টান্ত বলে।

( Crucial Experiment — দ্রষ্টব্য )

Culture ( কালচার ) সংস্কৃতি।

Curiosity ( কিউরিয়সিটি ) — ( মঃ ) ঔৎসুক্য।

Curve ( কার্ভ ) — রেখাচিত্র।

Custom ( কাস্টম্ ) — প্রথা।

Cutaneous ( কিউটেনিয়াস্ ) — চার্ম, ত্বকসম্বন্ধীয়।

Cutaneous sensation ( সেন্সেশান ) — ( মঃ ) ত্বকসংবেদন; চর্ম সংবেদন।

Cynic ( সিনিক ) — ( নীঃ ) সিনিক মতাবলম্বী, মনের বিদ্বেষী, ব্যঙ্গকারী।

প্রাচীন গ্রীসের দার্শনিক মতবাদ বিশেষ। এই সম্প্রদায়ের মতে একমাত্র নৈতিক চরিত্রছাড়া আর সব কিছুই ঘৃণ্য।

Cyrenaics ( সীরিনিক্‌স ) — ( নীঃ ) সুখবাদী, সীরিনবাদী।

ইহা একটি দার্শনিক মতবাদ। পাশ্চাত্য দর্শনে সীরিনের অ্যারিষ্টিপাস্ ( Aristippus of cyrene ) সর্ব প্রথম এই মত প্রদান করেন।

Cytology ( সাইটোলজি ) — কোষতত্ত্ব।

Cytoplasm ( সাইটোপ্লাজম ) —কৌষিক প্রাণসত্তা।

## D

Dactylology ( ড্যাক্‌টিলোলজি ) — হস্ত-ইঙ্গিত বিদ্যা, হস্তাঙ্গুলিসমুহের ইঙ্গিতে ভাব বিনিময়ের কৌশল।

**Dahri** ( দাহ্‌রি ) কালবাদী, বস্তুবাদী, নাস্তিক।

**Dahriyy** ( দাহ্‌রী ) যে সকল দার্শনিক 'দাহ্‌র'—কে ( আরবী অর্থ-কাল,
**Dahria** (দাহ্‌রিয়া ) সময় ) একমাত্র প্রকৃত সত্তা বলিয়া মনে করে, আরবী
**Dahriyya** ( দাহ্‌রীয়া ) দার্শণিক পরিভাষায় তাহাদিগকে দাহ্‌রী বা দাহ্‌রীয়া বলা হয়।

**Daltonism** ( ড্যাল্‌টনিজম ) — ( মঃ ) ড্যাল্‌টণী, আংশিক বর্ণান্ধতা।
বিখ্যাত রসয়ানবিদ ড্যালটন আংশিক বর্ণান্ধ ছিলেন। সেই জন্য তাঁহার নামানুসারে আংশিক বর্ণান্ধতার নামকরন করা হইয়াছে।

**Damping** ( ড্যাম্‌পিং ) কমান, নিম্নমান করা।

**Dance** ( ড্যান্স ) — নৃত্য, নাচ।

**Dancing Mania** ( ড্যান্সিং ম্যানিয়া ) — (মঃ) নৃত্য বাতিক, নাচের বাতিক।

**Dancing Mouse** ( ড্যান্সিং মাউস্‌ ) — (মঃ) নাচুনে ইঁদুর। একপ্রকার জাপানী ইঁদুর। শিক্ষা—সম্বন্ধে পরীক্ষার প্রথমদিকে এই ইঁদুর বহুল ব্যবহৃত হইত।

**Dark Adaptation** ( ডাঁক অ্যাডাপটেশান্‌ ) – (মঃ) অন্ধকার অভিযোজন, তিমির অভিযোজন।
অপেক্ষাকৃত কম আলোক বা অন্ধকারে দেখার জন্য চক্ষুকে প্রস্তুত করা।

**Darul Hikmat** ( দারুল্‌ হিকমাত্‌ )—দারুল্‌ হিকমাত্‌, জ্ঞানাগার, বিজ্ঞানাগার।
মিশরের ফাতিমী খলিফা আল-হাকিম বিজ্ঞান ও দর্শনের চর্চ্চার জন্য ১০০৫ খৃঃষ্টাব্দে এই প্রতিষ্ঠানটি স্থাপন করেন। এখানে জ্ঞান বিজ্ঞানের বিভিন্ন শাখার বিভিন্ন ভাষার পুস্তকের সমাবেশ করা হয় ও বিভিন্ন বিষয়ে বিশেষভাবে জ্যোতিষ ও চিকিৎসা শাস্ত্রে প্রচুর গবেষনা করা হইত। মিশরে আইয়ুবী সুলতানদের প্রাদুর্ভাবের পূর্ব পর্য্যন্ত এই প্রতিষ্ঠানটি চালু থাকে।

**Darvesh** ( ডার্‌ভেস্‌ ) – দরবেশ, সংসার বিরাগী মুস্‌লিম ধার্ম্মিক ব্যক্তি।